



## PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2<sup>nd</sup> Avenue (4<sup>th</sup> floor), New York, NY 10017  
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com  
Web site: [www.un.int/bangladesh](http://www.un.int/bangladesh)

### প্রেস রিলিজ

#### বাংলাদেশ বিপুল ভোটে জাতিসংঘ মানবাধিকার কাউণ্সিলের সদস্য নির্বাচিত

এই বিজয় গণতন্ত্র, মানবাধিকার, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা সর্বোপরি আর্থ-সামাজিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অদম্য অগ্রযাত্রার প্রতিফলন -উপস্থিত সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধিগণ

নিউইয়র্ক, ১২ অক্টোবর ২০১৮ :

বাংলাদেশ ২০১৯-২০২১ মেয়াদে জাতিসংঘ মানবাধিকার কাউণ্সিলের সদস্য নির্বাচিত হয়েছে। আজ জাতিসংঘ সাধারণ পরিষদে সদস্য রাষ্ট্রসমূহের সরাসরি গোপন ভোটের মাধ্যমে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতিসংঘ ৭৩তম সাধারণ পরিষদের সভাপতি মারিয়া ফার্নান্দেস এস্পিনোসা (María Fernanda Espinosa)।

গোপন ব্যালটে নির্বাচন সমাপ্ত হওয়ার পর ভোট গণনা শেষে স্থানীয় সময় বেলা ১২ টায় ফলাফল ঘোষণা করা হয়। মানবাধিকার কাউণ্সিলের সদস্য নির্বাচিত হওয়ার জন্য ৯৭ ভোটের প্রয়োজন থাকলেও বাংলাদেশ জিতে নেয় ১৭৮টি সদস্য রাষ্ট্রের ভোট।

বিপুল ভোটে জয়লাভ করায় বাংলাদেশকে অভিনন্দন জানায় উপস্থিত জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের প্রতিনিধিগণ। এই বিজয় গণতন্ত্র, মানবাধিকার, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা সর্বোপরি আর্থ-সামাজিক উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অদম্য অগ্রযাত্রার প্রতি বিশ্ব সম্প্রদায়ের আঙ্গীকার প্রতিফলন বলে সদস্য রাষ্ট্রের প্রতিনিধিগণ জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন এর কাছে তাঁদের প্রতিক্রিয়া ব্যক্ত করেন। উঠে আসে সাম্প্রতিক সময়ে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সময়োপযোগী মানবিক ও সহানুভূতিশীল পদক্ষেপ গ্রহণের কথা যা আন্তর্জাতিক পরিম্বলে বাংলাদেশের অবস্থানকে আরও সমুজ্জ্বল করেছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের চলতি মেয়াদে গত ২০১৫-২০১৭ পর্যন্ত বাংলাদেশ মানবাধিকার কাউণ্সিলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করে।

এশিয়া প্রশান্ত গ্রুপ থেকে এই নির্বাচনে বাংলাদেশের পাশাপাশি ভারত, বাহরাইন, ফিজি ও ফিলিপাইন নির্বাচিত হয়।

\*\*\*